

কল্যাণ ট্রাস্ট ॥ বেসরকারী শিক্ষক কর্মচারী হতাশ

শরিফুলজামান পিটু

কোন চলছে বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট? বেসরকারী শিক্ষক-কর্মচারীদের এককালীন আর্থিক সুবিধা পাবার একমাত্র এই ট্রাস্টের কর্মকাণ্ড নিয়ে গত দু'মাস ধরে বিতর্ক চলছে। এতে হতাশ হয়ে পড়েছেন দেশের তিন লক্ষাধিক

বেসরকারী শিক্ষক-কর্মচারী। বর্তমান কমিটির আমলে শিক্ষক-কর্মচারীরা কম টাকা পাচ্ছেন এমন অভিযোগ উঠেছে বেশ জোরেশোরে। বিষয়টি অনুসন্ধান করে দেখা গেছে, আগের কমিটির তুলনায় বর্তমান কমিটির আমলে একজন শিক্ষক বা কর্মচারী কম টাকা পাচ্ছেন। এছাড়া (২-পৃষ্ঠা ২-এর কং দেয়)

কল্যাণ ট্রাস্ট

(প্রথম পাতার পর)

কারণ আগের কমিটি শতকরা এক শ' ভাগ বেতন ধরে কল্যাণ ট্রাস্ট থেকে আর্থিক সুবিধা দিয়েছে এবং বর্তমান কমিটি সরকার প্রদত্ত শতকরা ৯০ ভাগ ধরে আর্থিক সুবিধা প্রদান করছে।

বেসরকারী, শিক্ষক-কর্মচারীদের দীর্ঘ আন্দোলন-সংগ্রামের ফসল বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট। জোট সরকার ক্ষমতায় আসার পর ট্রাস্টের কমিটির মেয়াদ দেড় বছর থাকতে ভেঙ্গে দেয়া হয়। বর্তমান কমিটি পূর্বের ধারাবাহিকতায় অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীদের চেক বিতরণ অব্যাহত রেখেছে।